



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী

ওয়েব: www.rgcc.ac.bd, ই-মেইল: prin2388@yahoo.com, EINN : 126489, ফোন: ০২৫৮৮৮৫০৩৮৮, ফ্যাক্স: ০৯২১৮১২৬৩২

তারিখ: ০৩/০১/২০২৪

বিজ্ঞপ্তি

রাজশাহী সরকারি সিটি কলেজের সংশ্লিষ্ট সকলকে আনন্দের সঙ্গে অবহিত করা যাচ্ছে যে, বরাবরের মতো এরােও রাজশাহী সরকারি সিটি কলেজ বার্ষিকী 'অয়ন-২০২৪' প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছে। বার্ষিকীতে লিখতে ইচ্ছুক সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীদের নিকট থেকে নিম্নলিখিত শর্তাবলি মেনে যে কোনো এক বা একাধিক বিষয়ের উপর লেখা আহ্বান করা যাচ্ছে।

লেখার বিষয়

ছোটগল্প, অণুগল্প/খুদেগল্প, কবিতা, ছড়া, প্রবন্ধ-নিবন্ধ, স্মৃতিকথা (কলেজ সম্পর্কিত), বৈজ্ঞানিক কল্পকাহিনি, ভ্রমণকাহিনি, কৌতুক, রম্যরচনা, নাটিকা/জীবন্তিকা, লোকছড়া ও লোকপ্রবাদ।

লেখার নিয়মাবলি


- * সম্পূর্ণ নিজস্ব মৌলিক লেখা হতে হবে (কপি রাইট আইন অনুসরণীয়)।
- * সফট কপির ক্ষেত্রে SutonnyMJ ফন্টে টাইপ করে নির্ধারিত ই-মেইলে লেখা প্রেরণ করতে হবে।
- * হার্ড কপির ক্ষেত্রে SutonnyMJ ফন্টে টাইপ করে A4 কাগজের ১৫০০-২০০০ শব্দের মধ্যে প্রিন্ট দিয়ে জমা দিতে হবে।
- * একজন লেখক একাধিক বিষয়ে লেখা জমা দিতে পারবেন।
- * শিক্ষার্থীদের ক্ষেত্রে লেখার সাথে নাম, শ্রেণি, বিষয়, বর্ষ, ক্লাস রোল ও মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।
- * অন্যদের ক্ষেত্রে নাম, পদবি/পেশা ও মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।
- * হাতে লেখা কপি গ্রহণযোগ্য হবে না।
- * রাষ্ট্র, সমাজ বা ধর্মবিরোধী কোনো লেখা, বিশেষ কোনো ব্যক্তি, দল, গোষ্ঠী বা সম্প্রদায়কে লক্ষ্য করে উচ্ছাস, বিতর্ক বা বিভ্রান্তিমূলক লেখা, কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীকে আঘাত দেয় এমন লেখা সম্পূর্ণরূপে পরিহার করতে হবে।
- * লোকছড়া ও লোকপ্রবাদ লেখার ক্ষেত্রে বাংলাদেশের কোন অঞ্চলের তা উল্লেখ করতে হবে।
- * লেখা প্রকাশের ব্যাপারে প্রকাশনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

লেখা জমা দেয়ার শেষ তারিখ: ২০ জানুয়ারি ২০২৪

লেখা পাঠানোর ঠিকানা : 2014ahai@gmail.com


হার্ড কপি : বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ

প্রতিস্বাক্ষর


অধ্যক্ষ ০৩.০১.২৪

রাজশাহী সরকারি সিটি কলেজ

আহ্বায়ক


প্রকাশনা কমিটি
রাজশাহী সরকারি সিটি কলেজ

অবগতি ও অনুলিপি:

১. উপাধ্যক্ষ, রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী
২. সকল বিভাগীয় প্রধান, (বিভাগের নোটিশ বোর্ড, ফেসবুক পেজ ও স্নাতক সম্মান শ্রেণিতে প্রচারের ব্যবস্থার অনুরোধসহ)
৩. প্রধান সহকারী (কলেজ ওয়েবসাইট, ফেসবুক, ডিজিটাল নোটিশ বোর্ড এবং ক্লাশে প্রচারের জন্য)